



গণমাধ্যম ও তৃণমূল যোগাযোগ জোরদারে বিএনপির সাতটি নতুন সমন্বয় কমিটি



সংগৃহীত ছবি

গণমাধ্যম, সামাজিক যোগাযোগমাধ্যম এবং তৃণমূল পর্যায়ের সঙ্গে যোগাযোগ আরও কার্যকর ও সংগঠিত করতে নতুন উদ্যোগ নিয়েছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)। তথ্যপ্রবাহ ও গণসংযোগের ক্ষেত্রে সমন্বিত করতে দলটি সাতটি বিশেষ টিম গঠন করেছে। এসব টিমের মাধ্যমে মূলধারার মিডিয়া, অনলাইন অ্যাক্টিভিস্ট এবং স্থানীয় পর্যায়ের নেতাকর্মীদের সঙ্গে যোগাযোগ সুসংহত করার লক্ষ্য নিয়েছে বিএনপি।

শনিবার (১ নভেম্বর) দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়। নতুনভাবে গঠিত সাতটি টিমের নেতৃত্বে রয়েছেন—স্পোকসপারসন টিমের প্রধান ড. মাহদী আমিন, প্রেস টিমের প্রধান ড. সালেহ শিবলী, টিভি ও রেডিও টিমের প্রধান ড. মওদুদ হোসাইন আলমগীর পাভেল, গ্রাসরুটস নেটওয়ার্ক টিমের প্রধান ড. জিয়াউদ্দিন হায়দার, অনলাইন অ্যাক্টিভিস্ট নেটওয়ার্ক টিমের প্রধান এ কে এম ওয়াহিদুজ্জামান, কনটেন্ট জেনারেশন টিমের প্রধান ড. সাইমুম পারভেজ এবং রিসার্চ ও মনিটরিং টিমের প্রধান রেহান আসাদ।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, এই সমন্বিত উদ্যোগটি বিএনপির জাতীয় স্থায়ী কমিটির অনুমোদন পেয়েছে। পুরো কার্যক্রমের সার্বিক তত্ত্বাবধান করবেন দলের জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী।

বিএনপি নেতাদের মতে, এই পদক্ষেপের মাধ্যমে দলীয় বার্তা, তথ্য ও সংবাদ প্রচার আরও গতিশীল হবে। পাশাপাশি তৃণমূল থেকে কেন্দ্র পর্যন্ত সাংগঠনিক যোগাযোগের একটি শক্তিশালী কাঠামো গড়ে উঠবে, যা ভবিষ্যতে রাজনৈতিক কার্যক্রমে নতুন গতি যোগ করবে।